# Diamond Harbour Women's University
## U.G 1st Year 1st Semester Examination, 2023
## Subject: Bengali
## বাংলা সাহিত্যের ইতিহাস প্রাচীন ও মধ্যযুগ
## Paper Code: BEN/CC/1101

সময়- ২ ঘন্টা    পূর্ণমান- ৪০

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লেখো    ৬x৬=৩৬

১. চর্যা ‘পদ’ না ‘গীতি’— তোমার মতের সপক্ষে যুক্তি দাও। ৬

অথবা

২. তুর্কি আক্রমণের ফলে যে সামাজিক পরিবর্তনগুলি ঘটেছিল সে বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ৬

৩. *শ্রীকৃষ্ণকীর্তন* কাব্যটি লৌকিক অভিজ্ঞতার ফসল নাকি পৌরাণিক প্রসঙ্গ মিশ্রিত? যথাযথ অভিমত দাও। ৬

অথবা

৪. কৃত্তিবাস অনূদিত *রামায়ণ* তথা *শ্রীরাম পাঁচালী* বাঙালি সমাজে আদরণীয় হয়ে ওঠার কারণগুলি পর্যালোচনা করো। ৬

৫. বিদ্যাপতি কোন্ পর্যায়ের শ্রেষ্ঠ কবি? ঐ পর্যায়ের বৈষ্ণব পদাবলি রচনায় তাঁর কবি প্রতিভার পরিচয় দাও। ১+৫=৬

অথবা

৬. চৈতন্যদেবের আবির্ভাবের পর বাংলার সমাজজীবনে যে সমস্ত প্রভাব পড়েছিল তা সংক্ষেপে লেখো। ৬

৭. চৈতন্য পূর্ববর্তী বৈষ্ণব পদাবলির সঙ্গে চৈতন্য পরবর্তী বৈষ্ণব পদাবলির পার্থক্য উপযুক্ত উদাহরণের সাহায্যে বুঝিয়ে দাও। ৬

অথবা

৮. মুকুন্দ চক্রবর্তীর *চণ্ডীমঙ্গল* রচনার প্রেক্ষাপট সংক্ষেপে আলোচনা করো। ৬

৯. অতি সংক্ষেপে যেকোনো একটি পার্ষদ চরিতের গুরুত্ব সম্পর্কে তোমার অভিমত জানাও। ৬

অথবা

১০. ছদ্ম মঙ্গলকাব্য কাকে বলে? উদাহরণসহ লেখো। ৬

১১. সৈয়দ আলাওলের প্রণয় উপাখ্যান রচনার বিশেষত্বগুলি সম্পর্কে আলোকপাত করো। ৬

অথবা

১২. অষ্টাদশ শতকের বাংলা সাহিত্যে যুগসন্ধির কোন চিহ্ন কি আদৌ আছে? — অতি সংক্ষেপে তোমার মতামত জানাও। ৬

**টীকা লেখো—(যেকোনো একটি)** ৪X১=৪

১. গোবিন্দদাসের কড়চা

২. বৃন্দাবনদাসের *চৈতন্যভাগবতের* মূল বৈশিষ্ট্য

৩. *রসুলবিজয়*

Diamond Harbour Women's University

B.A 1st Year, 1st Semester Examination, 2023

Subject: Bengali

Paper Code: Beng/CC/1102

**ভাষাবিজ্ঞান: প্রাথমিক ধারণা**

Time: 2 hours　　　　　　　　　　　　　　　　　　　　Full Marks: 40

---

**নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।**

১. ভাষা সৃষ্টির সম্ভাবনাময় সময় হিসেবে তুমি কোন যুগকে চিহ্নিত করবে এবং কেন? ইন্দো-ইউরোপীয় থেকে আসা যে শাখাটি কাশ্মীরে প্রচলিত তার নাম কী? এ পর্যন্ত পাওয়া তথ্য অনুযায়ী প্রাচীন ভাষাবংশগুলি কী কী? ৩+১+২=৬

অথবা

২. মধ্যভারতীয় আর্য ভাষার সময়সীমা নির্দেশ করে ভাষাটির ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ উল্লেখ করো। ১+৫=৬

৩. ভাষার আপতিক ধর্ম বলতে তুমি কী বোঝ? উৎস থেকে বাংলা ভাষা সৃষ্টির পর্যায়ক্রমটি বৃক্ষচিত্রের সাহায্যে দেখাও। ২+৪=৬

অথবা

৪. বাংলা ভাষার সম্পূর্ণ সাহিত্যিক নিদর্শন প্রথম কোথায় পাওয়া যায়? কালগত ও গঠনগত দিক থেকে বাংলা ভাষার শ্রেণি নির্ণয় করো। ১+৫=৬

৫. 'ভাষা হল মানুষের বাগযন্ত্র থেকে উদ্ভূত উচ্চারিত ধ্বনিসমষ্টি'- ভাষা সম্পর্কিত এই ধারণাটির সঙ্গে কি তুমি সহমত? তোমার নিজের বক্তব্যটি লেখো। ৬

অথবা

৬. রাঢ়ি উপভাষা কোন কোন অঞ্চলে দেখতে পাওয়া যায়? এই উপভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ জানাও। ৬

৭. “কাল ছিল ডাল খালি, / আজ ফুলে যায় ভ’রে”
- উদ্ধৃত অংশের ‘ল’ গুলিকে তুমি বাংলা ধ্বনিতত্ত্বের দ্বারা কী হিসেবে পড়বে?
‘কাল’ ও ‘ডাল’ শব্দটির থেকে তুমি কোন স্বনিম নির্ধারণ করতে পারো?
এই স্বনিম নির্ণয়ের প্রক্রিয়াটিকে কী বলে, সংক্ষেপে বুঝিয়ে দাও।
‘ডাল’ শব্দে মোট কটি স্বনিম আছে লেখো। ২ + ১ + ২ + ১ = ৬

অথবা

৮. উচ্চারণের দিক থেকে বাংলা ভাষার মৌলিক স্বরস্বনিমের সংখ্যা কটি ও কী কী?
এই মৌলিক স্বরস্বনিমের মধ্যে থেকে একটি প্রসৃত, একটি পশ্চাৎ, একটি নিম্নমধ্য স্বরস্বনিমের উদাহরণ দাও। ১ + ২ + ১ + ১ + ১ = ৬

৯. রূপ ও রূপিমের মধ্যে পার্থক্য কী সংক্ষেপে লেখো।
দুটি মুক্তরূপ দিয়ে গঠিত একটি শব্দ এবং একটি মুক্তরূপ ও একটি বদ্ধরূপ দ্বারা গঠিত একটি শব্দের উদাহরণ দাও। ২ + ২ + ২ = ৬

অথবা

১০. নিম্নলিখিত <u>যেকোনো তিনটি শব্দের</u> রূপ বিশ্লেষণ করো - ৩ x ২ = ৬
গ্রন্থাগার, খাদ্য, তালগাছ, চড়াইপাখি, চোখটি, বৃত্তি

১১. শব্দের অর্থকে কটি ভাগে ভাগ করা যায় ও কী কী একটি করে উদাহরণসহ অল্প কথায় লেখো। ৬

অথবা

১২. নিম্নলিখিত বাক্যগুলিকে কী কী অর্থে পড়া সম্ভব, বুঝিয়ে লেখো (যেকোনো তিনটি) ৩x২ = ৬

ক. ওই দেখা যায় বাড়ি আমার।

খ. ঘুম পাড়াত অগ্নি তাকে, শব্দ পিছু ডাকত।

গ. একটা বুড়ো মনসা গাছ, মাথায় তার হলদে চুল...।

ঘ. মা ছেলেকে বলছে, হীরে আমার, মানিক আমার।

ঙ. ব্যাঙ্ক ফোন করে বলল, নতুন চুক্তি করতে হবে।

চ. বৃষ্টি হল খুব।

১৩. টীকা লেখো ২x২ = ৪

ক. ভাষার নৈরাত্মধর্ম

অথবা

খ. পিথেকানথ্রোপ্‌স (Pithecanthropus)

গ. নাসিক্যধ্বনি

অথবা

ঘ. টাইপ শব্দ ও টোকেন শব্দ

Diamond Harbour Women's University
B.A 1st year 1st Semester Examination, 2023
Subject: Bengali
Paper Code: BEN/GE/1103
মধ্যযুগের বাঙালি সংস্কৃতি

সময়- ২ ঘন্টা পূর্ণমান- ৪০

যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও—

১। ইন্দো-ইউরোপীয় ভাষাবংশ থেকে ক্রমান্বয়ে বাংলা ভাষার উদ্ভবের ইতিহাস সূত্রাকারে বিবৃত করো। ১০

২। মধ্যযুগের বাংলার বাণিজ্যের ইতিহাস বিষয়ে একটি সংক্ষিপ্ত নিবন্ধ লেখো। ১০

৩। আদি-মধ্যযুগের এবং মধ্যযুগের বাঙালির খাদ্যাভ্যাসের ইতিহাস থেকে বাঙালির সাংস্কৃতিক ইতিহাসের কোন দিকগুলি তোমার কাছে স্পষ্ট হয়ে ওঠে? উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও। ১০

৪। পাঁচালি কাকে বলে? পাঁচালির বৈশিষ্ট্যগুলি লেখো। পাঁচালির আওতায় চরিত সাহিত্যকে রাখার কোন যুক্তি আছে কি? তোমার মতামত জানাও। ৩+৩+৪= ১০

৫। বাংলা শাক্ত পদাবলিতে ভক্তিধর্মের কোন কোন বৈশিষ্ট্যগুলি তুমি লক্ষ করতে পার? উদাহরণ দিয়ে আলোচনা করো। ১০

৬। লালন শাহের পদাবলিতে সরাসরি ঈশ্বরের নাম থাকলেও কীভাবে ধর্মীয় ভেদাভেদের গণ্ডিকে তা ছাড়িয়ে যায় যেকোনো একটি পদের প্রসঙ্গে ব্যাখ্যা করো। ১০

৭। টীকা (যেকোনো দুটি)- ৫X৫=১০

ক। বাংলা লিপির বিবর্তন

খ। নাটগীতি

গ। অভিসার

ঘ। গৌরচন্দ্রিকা

Diamond Harbour Women's University
B.A 1st year 1st Semester Examination, 2023
Subject: Bengali
Paper Code: AECC/MIL
ব্যবহারিক বাংলা

সময়- ২ ঘন্টা পূর্ণমান- ৪০

যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও—

১. বানান ভুলের সম্ভাব্য কারণগুলি লেখো। ১০

২. বাংলা বানান বিষয়ে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভূমিকা সংক্ষেপে পর্যালোচনা করো। ১০

৩. পরিভাষা প্রসঙ্গে রবীন্দ্রনাথের দৃষ্টিভঙ্গি কেমন ছিল তা সংক্ষেপে জানাও। ১০

৪. সর্বস্তরের মানুষের কাছে গ্রহণযোগ্য হয়ে ওঠার জন্য বাংলা পরিভাষা কেমন হওয়া জরুরি বলে তুমি মনে করো? - নিজের অভিমত ব্যক্ত করো। ১০

৫। নিজের এলাকায় ডেঙ্গু সমস্যার কথা জানিয়ে উপযুক্ত কর্তৃপক্ষের কাছে ব্যবস্থা গ্রহণের জন্য বাংলায় একটি চিঠি লেখো। ১০

৬। খবরের কাগজে প্রতিবেদন রচনার ভাষারীতি কেমন হওয়া দরকার? যেকোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা করে বিষয়টি বুঝিয়ে দাও। ১০

৭। নিচের অংশটির যথাযথ বঙ্গানুবাদ করো- ১০

The computer is the new miracle of science. It can make thousands of calculations in a moment. This computer can store in its memory millions of facts and figures. It can also recall them at ease. In Bangladesh, the use of computers is growing rapidly. In developed countries, computers are used in Banks, shops, airlines, offices, libraries, everywhere. Bangladesh is eager to advance on computer technology. It seems that computers are going to dominate the future of human civilization.

Examination Roll:

Registration No:

নিচের অংশটির মূল উত্তরপত্রের সঙ্গে যুক্ত করে দাও।

**৮। অংশটি মনোযোগ দিয়ে পড়ো-** ১০X১=১০

মিলনের প্রথম দিনে বাঁশি কী বলেছিল।
সে বলেছিল, "সেই মানুষ আমার কাছে এল যে মানুষ আমার দূরের।"
আর, বাঁশি বলেছিল, "ধরলেও যাকে ধরা যায় না তাকে ধরেছি, পেলেও সকল পাওয়াকে যে ছাড়িয়ে যায় তাকে পাওয়া গেল।"
তার পরে রোজ বাঁশি বাজে না কেন।
কেননা, আধখানা কথা ভুলেছি। শুধু মনে রইল, সে কাছে; কিন্তু সে যে দূরেও তা খেয়াল রইল না। প্রেমের যে আধখানায় মিলন সেইটেই দেখি, যে আধখানায় বিরহ সে চোখে পড়ে না, তাই দূরের চিরতৃপ্তিহীন দেখাটা আর দেখা যায় না; কাছের পর্দা আড়াল করেছে।
দুই মানুষের মাঝে যে অসীম আকাশ সেখানে সব চুপ, সেখানে কথা চলে না। সেই মস্ত চুপকে বাঁশির সুর দিয়ে ভরিয়ে দিতে হয়। অনন্ত আকাশের ফাঁক না পেলে বাঁশি বাজে না।
সেই আমাদের মাঝের আকাশটি আঁধিতে ঢেকেছে, প্রতি দিনের কাজে কর্মে কথায় ভরে গিয়েছে, প্রতি দিনের ভয়ভাবনা-কৃপণতায়।

**বাংলা প্রুফ সংশোধনের জন্য ব্যবহৃত চিহ্নগুলি প্রয়োগ করে উপরের অংশের সাপেক্ষে নিচের অংশটি সংশোধন করো।**

মিলনের প্রথম দিনে বাশি কি বলেছিল।
সে বলেছিল। সেই মানুষ আমার কাছে এল যে মানুষ আমার দ্দুরের।"
আর, বাঁশি বলেছিল, "ধরলেও যাকে ধরা যায় না তাকে ধরেছি, পেলেও সকল পাওয়াকে যে ছাড়িয়ে যায় তাঁকে পাওয়া গেল।"
তার পরে রোজ বাঁশি বাজে না কেন?
কেননা; আধখানা কথা ভুলেছি। শুধু মনে রইল, সে কাছে; কিন্তু সে যে দূরেও তা খেয়াল রইল না। প্রেমের যে আধখানায় মিলন সেইটেই দেখি, যে আধখানায় বিরহ সে চোখে পড়ে না, তাই দূরের চিরতপ্তিহীন দেখাটা আর দেখা যায় না; কাছের পর্দা আড়াল করেছে।
দুই মানুষের মাঝে যে অসীম আকাশ সেখানে সব চুপ। সেখানে কথা চলে না। সেই মস্ত চুপকে বাঁশির সুর দিয়ে ভরিয়ে দিতে হয়। অনন্ত আকাশের ফাঁক না পেলে বাঁশী বাজে না।
সেই আমাদের  মাঝের আকাশটি আঁধারে ঢেকেছে, প্রতি দিনের কাজে কর্মে কথায় ভরে গিয়েছে, প্রতি দিনের ভয়ভাবনা-কৃপনতায়।